চুয়াডাঙ্গায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবসে র্যালি ও আলোচনা সভা

স্মার্ট বাংলাদেশ স্মার্ট ক্রীড়াঙ্গন শেখ হাসিনার দর্শন এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস। দিবসটি উপলক্ষে শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস পালিত হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থা যৌথভাবে এ দিবসটি পালন করে।

বৃহস্পতিবার (৬ এপ্রিল) সকাল সাড়ে দশটার টায় ‘স্মার্ট বাংলাদেশ, স্মার্ট ক্রীড়াঙ্গন, শেখ হাসিনার দর্শন’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বেলুন উড়িয়ে এ দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সেখান থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি জেলা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সহ-সভাপতি চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থা মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জেলা ক্রীড়া সংস্থার সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, সুস্থ শরীর এবং সুন্দর মন তৈরি করতে হলে অবশ্যই আমাদের ক্রীড়া চর্চা এবং খেলাধুলা করতে হবে। সমাজে এখন মাদকের প্রভাব ব্যাপক। মাদকমুক্ত সমাজ গঠন করতে হলে ক্রীড়াঙ্গণকে বড় ভূমিকা রাখতে হবে। একজন ক্রীড়াবিদ ও সংগঠক মাদক থেকে দূরে থাকেন। কোন ক্রীড়াবিদ মাদক গ্রহন করতে পারে না। এ সময় তিনি সকলকে আহ্বান করে বলেন স্মার্ট বাংলাদেশ গঠন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়ন সোনার বাংলা বাস্তবায়ন করতে হলে অবশ্যই আমাদেরকে মাদকহীন সমাজ গড়ে তুলতে হবে।সেইসাথে মাদকমুক্ত সমাজ গড়তে হলে অবশ্যই আমাদেরকে খেলাধুলার

চর্চা করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি)সাদাত হোসেন সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা, জেলা ক্রীড়া সংস্থার কর্মকর্তা কর্মচারী, বিভিন্ন ক্রীড়া সংগঠনের নেতাকর্মী,ক্রীড়াবীদ ছাত্র-ছাত্রী বৃন্দ,ইলেকট্রনিক্স প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

আইপিএলের প্রতি ম্যাচে আম্পায়ারদের আয় ২ লাখ!

আইপিএল মানেই কাড়ি কাড়ি টাকা। ক্রিকেটার, কোচরা ছাড়াও আইপিএলের ম্যাচ পরিচালনা করে টাকার পাহাড় গড়ছেন আম্পায়াররাও। আইপিএলের একটা ম্যাচ পরিচালনা করে আম্পায়াররা পারিশ্রমিক হিসেবে কত টাকা পান জানেন? ভারতীয় মুদ্রায় প্রায় ২ লাখ রুপি। আক্ষরিক হিসেবে ১ লাখ ৯৮ হাজার রুপি। এটা শুধু ম্যাচ পরিচালনার মূল ভাতা। এর বাইরেও ম্যাচপ্রতি আম্পায়ারদের উপরি পাওনা ১২ হাজার রুপি।

আইপিএলের আম্পায়ার তালিকায় একবার নাম উঠাতে পারলেই আপনি বনে যাবেন লাখপতি। ওপরে উল্লেখিত টাকার অঙ্কগুলো মূলত ‘এলিট’ শ্রেণির আম্পায়ারদের। আসলে আইপিএলে দুই ক্যাটাগরির আম্পায়াররা ম্যাচ পরিচালনা করেন। অভিজ্ঞতা-দক্ষতায় এগিয়ে থাকা পরীক্ষিত আম্পায়াররা পান ‘এলিট শ্রেণি’র মর্যাদা। অপেক্ষাকৃত কম অভিজ্ঞতা সম্পন্নদের রাখা হয় ‘ডেভেলপমেন্ট আম্পায়ার’ বা ‘উন্নয়নশীল’ ক্যাটাগরিতে। তো এলিট শ্রেণির আম্পায়ারদের ম্যাচপ্রতি আয়ের অঙ্কটা তো আগেই বলা হয়েছে। ‘ডেভেলপমেন্ট’ বা ‘উন্নয়নশীল’ ক্যাটাগরির আম্পায়ারদের ম্যাচপ্রতি পারিশ্রমিক ৫৯ হাজার রুপি। তাদের উপরি পাওনা বলতেও কিছু নেই।

উপরোক্ত হিসাব অনুযায়ী, এলিট ক্যাটাগরির কোনো আম্পায়ার যদি

পুরো টুর্নামেন্টেই ম্যাচ পরিচালনার সুযোগ পান, তাহলে আইপিএলের এক আসর থেকেই ঐ আম্পায়ারের আয় হবে অন্তত ৪০ লাখ রুপি! ম্যাচ পরিচালনার ভাতা, হাত খরচসহ অন্যান্য খাতের পাওনার পাশাপাশি বিজ্ঞাপনী সূত্র থেকেও আম্পায়াররা পান মোটা অঙ্কের টাকা। অনেক সময়ই আইপিএলে আম্পায়াররা বিভিন্ন বিজ্ঞাপনী সংস্থার পোশাক পরে থাকেন। এর ফলে মোটা অঙ্কের টাকাই পান তারা।

সূত্র: ইত্তেফাক

লাঞ্চের আগেই ৩ উইকেট তুলে নিলো বাংলাদেশ

আয়ারল্যান্ডের বিপক্ষে প্রথম টেস্ট ম্যাচ। এই ম্যাচ খেলতে নেমেই এক ইতিহাসও গড়ে ফেললো বাংলাদেশ। টেস্ট খেলুড়ে সবগুলো দেশের বিপক্ষেই টেস্ট খেলা একমাত্র দল এখন বাংলাদেশ। আইরিশদের বিপক্ষে প্তহম টেস্টে বেশ শক্তিশালী একাদশ নিয়েই মাঠে নামে বাংলাদেশ। টস জিতে বাংলাদেশকে ফিল্ডিংয়ের আমন্ত্রণ জানায় আইরিশ অধিনায়ক অ্যান্ড্রু বালবার্নি। আগে বোলিং করে অবশ্য বেশ স্বস্তি নিয়েই মধ্যহ্নভোজের বিরতিতে গেছে টাইগার বাহিনী। লাঞ্চের আগে ৬৫ রানেই আইরিশদের ৩ উইকেট তুলে নিয়েছে টাইগার বোলাররা।

মিরপুরের শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে আজ সকাল ১০টায় আইরিশদের বিপক্ষে প্রথম টেস্ট খেলতে নামবে বাংলাদেশ। এই ম্যাচে ৩ পেসারের সঙ্গে ৩ স্পিনার নিয়ে একাদশ সাজিয়েছেন টাইগার কোচ চন্ডিকা হাথুরুসিংহে।

আগে ব্যাটিং করতে নেমে শুরুটা অবশ্য ভালো করতে পারেনি আয়ারল্যান্ড। মাত্র ১১ রানের মাথাতেই নিজেদের প্রথম উইকেট হারায় আইরিশরা। অপেনবার মারে কামিন্সকে মাত্র ৫ রানেই সাজঘরে ফেরান টাইগার পেসার শরিফুল ইসলাম।

দ্বিতীয় উইকেটে লড়াইয়ের আভাস দিলেও সেটি আর করতে পারেনি আয়ারল্যান্ড। দলের ২৭ রানের মাথায় জেমস ম্যাককালামকে ফেরান এবাদত

হোসেন। নাজমুল হোসেন শান্তর হাতে ক্যাচ দেওয়ার আগে এই ব্যাটার করেন ১৫ রান।

দ্রুত ২ উইকেট হারানো আয়ারল্যান্ড চেষ্টা করেছিলো তৃতীয় উইকেটে ঘুরে দাঁড়াতে। অধিনায়ক অ্যান্ড্রু বালবার্নি আর হ্যারি টেক্টর মিলে শুরুর ধাক্কা সামাল দেওয়ার চেষ্টা করেল যেতে পারেনি বেশিদূর। ৪৮ রানের মাথায় বালবার্নিকে এলবিডব্লিউ করে আইরিশদের তৃতীয় উইকেট তুলে নেন তাইজুল ইসলাম। ফেরার আগে আইরিশ অধিনায়ক করেন ১৬ রান।

এরপর চতুর্থ উইকেট জুটিতে হ্যারি টেক্টর আর কার্টিস ক্যাম্ফার মিলে লাঞ্চের আগে বাকি সময়টা পার করেছেন নতুন কোনো বিপদ আসতে না দিয়েই। লাঞ্চে যাওয়ার আগে আইরিশরা সংগ্রহ করে ৩ উইকেটে ৬৫ রান। টেক্টর অপরাজিত আছেন ১৮ রানে আর ক্যাম্ফার ব্যাট করছেন ৯ রানে।

সূত্র: ইত্তেফাক

আইপিএল থেকে ছিটকে গেলেন উইলিয়ামসন

হাটুঁর ইনজুরির কারণে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) ১৬তম আসর থেকে ছিটকে গেলেন গুজরাট টাইটান্সের কিউই ব্যাটার কেন উইলিয়ামসন। চলমান আইপিএলের উদ্বোধনী ম্যাচে আহমেদাবাদে চেন্নাই সুপার কিংসের বিপক্ষে ফিল্ডিং করার সময় হাঁটুর ইনজুরিতে পড়া উইলিয়ামসন আসর থেকে নিজের নাম প্রত্যাহার করে নিয়েছেন।

আগামী সপ্তাহেই নিউজিল্যান্ড ফিরে যাবেন এবং নিউজিল্যান্ড ক্রিকেট বোর্ডের (এনজেডসি) পরিকল্পনা অনুসারে বিশেষজ্ঞ চিকিৎসক দেখাবেন উইলিয়ামসন। এক বিবৃতিতে উইলিয়ামসনের ছিটকে যাওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন গুজরাটের ডিরেক্টর অব ক্রিকেট বিক্রম সোলাঙ্কি। তিনি বলেন, ‘টুর্নামেন্টের শুরুতেই ইনজুরির কারণে উইলিয়ামসনকে হারানোটা দুঃখজনক। আমরা তার দ্রুত সুস্থতা কামনা করছি ও আশা করি

যত দ্রুত সম্ভব সে মাঠে ফিরবে।’

চেন্নাই ইনিংসের ১৩তম ওভারে ওপেনার ঋতুরাজ গায়কোয়াডের হাওয়ায় ভাসানো শট ডিপ স্কয়ার লেগ বাউন্ডারির সীমানায় লাফিয়ে ছক্কা বাঁচাতে গিয়ে মাটিতে পড়ে হাঁটুতে ব্যাথা পান উইলিয়ামসন। পরে গুজরাট টাইটান্সের মেডিক্যাল স্টাফদের কাঁধে ভর দিয়ে মাঠ ছাড়েন তিনি। তার পরিবর্তে ফিল্ডিংয়ে নামেন সাই সুদর্শন। পরবর্তীতে উইলিয়ামসনের জায়গায় ইম্প্যাক্ট প্লেয়ার নামায় গুজরাট।

সূত্র: ইত্তেফাক

ইফতারের সময় ম্যাচ বন্ধ না রাখতে নির্দেশ ফ্রান্স ফুটবলের

ইফতারের সময় মুসলিম খেলোয়াড়দের রোজা ভাঙ্গার জন্য কোন ম্যাচ সাময়িক বন্ধ না রাখতে নির্দেশ দিয়েছে ফ্রান্স ফুটবল ফেডারেশন। স্থানীয় গণমাধ্যমে প্রকাশিত রিপোর্টে এ কথা বলা হয়েছে।

ইংলিশ প্রিমিয়ার লিগে (ইপিএল) এই অনুমতি দেওয়া হলেও এই নীতি ফ্রেঞ্চ ফুটবল ফেডারেশনের আইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় বলেই এমন ধরনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রেফারিদের এক ই-মেইল বার্তায় ফেডারেশনের পক্ষ থেকে এই নির্দেশনা দেওয়া হয়েছে বলে বেশ কিছু গণমাধ্যমের রিপোর্টে এসেছে।

রিপোর্টে বলা হয়ে, ইফতারের কারণে বেশ কিছু ম্যাচে ব্যঘাত ঘটায় তা ফেডারেশনের নজরে এসেছে। এ সম্পর্কে ফেডারেশনের ফেডারেল রেফারি কমিশনের প্রধান এরিক বোর্গিনি বলেছেন, ‘আমাদের পরিকল্পনা হচ্ছে সবকিছুর জন্য নির্ধারিত সময় রয়েছে। ক্রীড়ার জন্য সময় বেঁধে দেওয়া হয়েছে, সকলের জন্য নিজ নিজ ধর্ম পালনের সময়ও রয়েছে।’

তিনি জানিয়েছেন ফেডারেশনের কাছে তথ্য আছে অপেশাদার পর্যায়ে বেশ কিছু ম্যাচে খেলোয়াড়দের ইফতারের জন্য সময় দিতে সাময়িক ভাবে বন্ধ রাখা হয়েছিল। আইনে এই ধরনের কোন অনুমতি নেই। এ সময় তিনি ফুটবলে

ধর্মনিরপেক্ষতা নীতির কঠোরভাবে সম্মান জানানোর বিষয়টিও সামনে নিয়ে আসেন।

ইংলিশ ফুটবল অবশ্য সব ধরনের সিদ্ধান্ত পরিবর্তন করে এ বছর পবিত্র রমজান মাসে মুসলিম খেলোয়াড়দের জন্য ইফতারের সময় ম্যাচ সাময়িক বন্ধ রাখার নির্দেশ দিয়েছে। এ বছর ২২ মার্চ থেকে যুক্তরাজ্যে রোজা শুরু হয়েছে।

এ বিষয়ে ফরাসি ক্লাব নিসের কোচ দিদিয়ের দিগার্ড বলেছেন, এবার বেশ কিছু মুসলিম খেলোয়াড় কোন সমস্যা ছাড়াই রমজান মাস পালন করছেন। অবশ্য তিনিও জানিয়েছেন ফ্রান্সের উচিৎ এ সময় কিছুক্ষণের জন্য বিরতি দেওয়া। তিনি বলেন, ‘বিষয়টি নিয়ে হয়তো কেউ চিন্তা করছে না। কারন আমরা মুসলিম দেশ নই। যে দেশে তুমি আছো সেই দেশের রীতি-রেওয়াজ তোমাকে মানতে হবে।’

সূত্র: ইত্তেফাক

জেনে নিন আইপিএলের ১৬তম আসরের খুঁটিনাটি

আজ শুক্রবার (৩১ মার্চ) গুজরাট লায়নস ও চেন্নাই সুপার কিংসের ম্যাচ দিয়ে শুরু হচ্ছে আইপিএলের ১৬তম আসর। যার পর্দা নামবে আগামী ২৮ মে, আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে। ১০টি দল নিয়ে শুরু হওয়া এ টুর্নামেন্টে মোট ৭৪টি ম্যাচ অনুষ্ঠিত হবে। ম্যাচগুলো হবে ভারতের ১২টি ভেন্যুতে।

টুর্নামেন্টে অংশগ্রহণকারী ১০ দলকে দুটি গ্রুপে ভাগ করা হয়েছে। ফলে প্রতি গ্রুপে দল থাকছে ৫টি করে। প্রতিটি দল লিগ পর্বে ১৪টি করে ম্যাচ খেলবে। এর মধ্যে নিজ গ্রুপের ৪ দলের বিপক্ষে একটি করে মোট ৪টি ম্যাচ। আর অন্য গ্রুপের ৫ দলের বিপক্ষে হোম অ্যান্ড অ্যাওয়ে ভিত্তিতে দুটি করে মোট ১০টি ম্যাচ। প্রতিটি জয়ের জন্য থাকবে ২ পয়েন্ট। অন্যদিকে ড্র বা ফলহীন ম্যাচের জন্য ১ পয়েন্ট।

প্লে–অফে খেলবে লিগ পর্বে পয়েন্ট তালিকায় সেরা চারে থাকা দলগুলো। এর মধ্যে শীর্ষ দুটি খেলবে কোয়ালিফায়ার–ওয়ানে, জয়ী দল উঠে যাবে ফাইনালে। হেরে যাওয়া দল খেলবে কোয়ালিফায়ার টু–তে। লিগ পয়েন্ট তালিকার তৃতীয় ও চতুর্থ স্থানে থাকা দুই দল প্লে–অফে এলিমিনেটরে খেলবে। হেরে যাওয়া দল বাদ পড়বে, জিতে যাওয়া দল কোয়ালিফায়ার–টুতে উঠে যাবে। কোয়ালিফায়ার–ওয়ান ও কোয়ালিফায়ার–টু জয়ী দল মুখোমুখি হবে টুর্নামেন্টের ফাইনালে।

জেনে নেওয়ান যাক কোন গ্রুপে আছে কোন দল

গ্রুপ–এ
মুম্বাই ইন্ডিয়ানস, কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালস, দিল্লি ক্যাপিটালস ও লক্ষ্ণৌ সুপার জায়ান্টস।

গ্রুপ–বি
চেন্নাই সুপার কিংস, সানরাইজার্স হায়দরাবাদ, গুজরাট টাইটানস, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু ও পাঞ্জাব কিংস।

অধিনায়ক হচ্ছেন যারা

১। হার্দিক পান্ডিয়া, গুজরাট লায়নস
২। সঞ্জু স্যামসন, রাজস্থান রয়্যালস
৩। লোকেশ রাহুল, লক্ষ্ণৌ সুপার জায়ান্টস
৪। রোহিত শর্মা, মুম্বাই ইন্ডিয়ানস
৫। মহেন্দ্র সিং ধোনি, চেন্নাই সুপার কিংস
৬। ফাফ ডু প্লেসি, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু
৭। ডেভিড ওয়ার্নার, দিল্লি ক্যাপিটালস
৮। শিখর ধাওয়ান, পাঞ্জাব কিংস
৯। এইডেন মার্করাম, সানরাইজার্স হায়দরাবাদ
১০। নীতিশ রানা, কলকাতা নাইট রাইডার্স

কোচের দায়িত্ব থাকবে যাদের কাঁধে

১। স্টিভেন ফ্লেমিং, চেন্নাই
২। ব্রায়ান লারা, হায়দরাবাদ
৩। মার্ক বাউচার, মুম্বাই
৪। রিকি পন্টিং, দিল্লি
৫। আশিষ নেহরা, গুজরাট
৬। অ্যান্ডি ফ্লাওয়ার, লক্ষ্ণৌ

৭। কুমার সাঙ্গাকারা, রাজস্থান
৮। চন্দ্রকান্ত পণ্ডিত, কলকাতা
৯। সঞ্জয় বাঙ্গার, বেঙ্গালুরু
১০। ট্রেভর বেলিস, পাঞ্জাব

বাংলাদেশি ক্রিকেটাররা কে খেলবেন কোন দলে?

আইপিএলের এবারের আসরে খেলবেন বাংলাদেশের জনপ্রিয় তিন ক্রিকেটার। তারা হলেন- সাকিব আল হাসান, লিটন দাস এবং মোস্তাফিজুর রহমান। তিনজনের মধ্যে সাকিব ও লিটন খেলবেন কলকাতার হয়ে। অন্যদিকে মোস্তাফিজ মাঠ মাতাবেন দিল্লি ক্যাপিটালসের জার্সিতে।

বাংলাদেশ থেকে আইপিএলের খেলা দেখতে চাইলে চোখ রাখতে হবে টি–স্পোর্টস চ্যানেলে। এ ছাড়া টি–স্পোর্টস অ্যাপেও খেলা দেখা যাবে।

সূত্র: ইত্তেফাক

হাসারাঙ্গাকে সরিয়ে শীর্ষে ফিরলেন রশিদ

শ্রীলঙ্কার স্পিনার হাসারাঙ্গা ডি সিলভাকে সরিয়ে আন্তর্জাতিক টি-টোয়েন্টি বোলিং র্যাংকিং তালিকার শীর্ষে ফিরলেন আফগানিস্তানের অধিনায়ক ও স্পিনার রশিদ খান। গতবছর নভেম্বরের পর আবারও শীর্ষে উঠলেন রশিদ।

সদ্য শেষ হওয়া পাকিস্তানের বিপক্ষে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে ৩ উইকেট শিকারে ৭১০ রেটিং পয়েন্ট নিয়ে টি-টোয়েন্টি বোলিং র্যাংকিংয়ে শীর্ষে ফিরেন রশিদ। ৬৯৫ রেটিং পয়েন্ট নিয়ে টেবিলের দ্বিতীয়স্থানে নেমে গেছেন হাসারাঙ্গা।

২০১৫ সালে টি-টোয়েন্টিতে অভিষেকের পর ২০১৮ সালের ফেব্রুয়ারিতে ক্যারিয়ারে প্রথমবারের মত র্যাংকিংয়ে শীর্ষে উঠেছিলেন রশিদ।

নতুন প্রকাশিত র্যাংকিংয়ে টি-টোয়েন্টি ব্যাটারদের তালিকার শীর্ষে আছেন ভারতের সূর্যকুমার যাদব এবং অলরাউন্ডারদের তালিকার শীর্ষে বাংলাদেশের অধিনায়ক সাকিব আল হাসান।

সূত্র: ইত্তেফাক

৭৭ রানের জয়ে সিরিজ বাংলাদেশের

আয়ারল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় টি-টোয়েন্টিতে ৭৭ রানের বিশাল জয়ে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ নিশ্চিত করেছে টাইগাররা। টি-টোয়েন্টিতে এটা বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ রানের জয়।

এর আগে ২০২১ সালের ২১ অক্টোবর বিশ্বকাপে পাপুয়া নিউগিনির বিপক্ষে ৭ উইকেটে ১৮১ রান করে ৮১ রানের রেকর্ড জয় পায় বাংলাদেশ। সেটাই রানের দিক থেকে টি-টোয়েন্টিতে সেরা জয়।

বুধবার চট্টগ্রাম জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে তিন ম্যাচ সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে মুখোমুখি হয় বাংলাদেশ-আয়ারল্যান্ড।

বৃষ্টির কারণে নির্ধারিত সময়ের পরে খেলা মাঠে গড়ানোয় ম্যাচের দৈর্ঘ্য কমে যায় ৩ ওভার করে। টস হেরে প্রথমে ব্যাট করে ১৭ ওভারে ৩ উইকেট হারিয়ে ২০২ রান করে বাংলাদেশ।

উদ্বোধনী জুটিতে ৫৬ বলে ১২৪ রানের রেকর্ড গড়েন লিটন কুমার দাস ও রনি তালুকদার। ১৮ বলে দেশের হয়ে দ্রুততম ফিফটির রেকর্ড গড়া লিটন ফেরেন ৪১ বলে ১০টি চার আর তিন ছক্কায় ৮৩ রান করে।

২৩ বলে তিন চার আর ২টি ছক্কায় ৪৪ রানের ঝড়ো ইনিংস খেলেন রনি তালুকদার। ১৩ বলে তিন চার আর এক ছক্কায় ২৪ রান করে ফেরেন তাওহিদ হৃদয়।

মাত্র ২৪ বল মোকাবেলা করে ৩ চার আর দুই ছক্কায় ৩৮ রান করে অপরাজিত থাকেন সাকিব আল হাসান।

টার্গেট তাড়া করতে নেমে ইনিংসের প্রথম বল থেকেই উইকেট হারাতে থাকে আয়ারল্যান্ড। সময়ের ব্যবধানে উইকেট পতনের কারণে শেষ পর্যন্ত ৯ উইকেট হারিয়ে ১২৫ রান তুলতে সমর্থ হয় আইরিশরা।

৭৭ রানের জয়ে ৪ ওভারে মাত্র ২২ রানে ৫ উইকেট শিকার করেন বাংলাদেশ দলের অধিনায়ক সাকিব আল হাসান।

সূত্র: যুগান্তর

সিরিজ নিশ্চিতের ম্যাচেও ব্যাটিংয়ে বাংলাদেশ

প্রথম ম্যাচের মতো দ্বিতীয় ম্যাচেও টস জিতলেন আয়ারল্যান্ডের অধিনায়ক। আগেরবারের মতোই আবরও আগে বোলিং করার সিদ্ধান্ত নিলেন তিনি। এখন আগের ম্যাচের মতো আজও বাইশ গজে টাইগার ব্যাটারদের ঝড় তোলার অপেক্ষা।

আজ দুপুর ২টায় চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে তিন ম্যাচ সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে আয়ারল্যান্ডের বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ । টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানিয়েছে আইরিশ অধিনায়ক পল স্টার্লিং।

সাগরিকায় সিরিজের প্রথম ম্যাচে আইরিশদের ওপর রীতিমত তাআন্ডব চালিয়েছিলো টাইগার ব্যাটাররা। বৃষ্টিবাধায় না আটকালে হতে পারতো টি-টোয়েন্টিতে দলীয় সর্বোচ্চ রানের রেকর্ডও। ব্যাটিংয়ের পর টাইগার বোলারদের সামনেও যেন অসহায় হয়ে পড়েছিলো আইরিশরা। এক তাসকিন আহমেদের তোপের মুখে পড়েই ডি/এল মেথডে ২২ রানে হারতে হয়েছে আয়ারল্যান্ডকে। আজ দ্বিতীয় ম্যাচেই আয়ারল্যান্ডকে হারিয়ে সিরিজ জয় নিশ্চিত করে ফেলতে চায় বাংলাদেশ।

এদিকে দ্বিতীয় ম্যাচে ঘুড়ে দাঁড়িয়ে সিরিজে টিকে থাকার ব্যাপারে আশাবাদী আয়ারল্যান্ডের অধিনায়ক পল স্টার্লিং।

সিরিজ নিশ্চিতের লক্ষ্যে চন্ডিকা হাথুরুসিংহের দল মাঠে নামছে

অপরিবর্তিত একাদশ নিয়েই। তবে সিরিজে টিকে থাকার লক্ষ্যে একাদশে একটি পরিবর্তন এনেছে আইরিশরা।

বাংলাদেশ একাদশ: সাকিব আল হাসান (অধিনায়ক), লিটন দাস (উইকেটরক্ষক), রনি তালুকদার, নাজমুল হোসেন শান্ত, তাওহীদ হৃদয়, শামীম হোসেন, মেহেদি হাসান মিরাজ, নাসুম আহমেদ, মোস্তাফিজুর রহমান, তাসকিন আহমেদ ও হাসান মাহমুদ।

আয়ারল্যান্ড একাদশ: পল স্টার্লিং (অধিনায়ক), রস অ্যাডায়ার, লরকান টাকার (উইকেটরক্ষক), কার্টিস ক্যাম্ফার, গ্যারেথ ডিলানি, হ্যারি টেক্টর, জর্জ ডকরেল, মার্ক অ্যাডায়ার, গ্রাহাম হিউম, বেন হোয়াইট ও ফিওন হ্যান্ড।

সূত্র: ইত্তেফাক

পেলে-ম্যারাডোনার পাশে মেসি

ফুটবল ইতিহাসের সর্বকালের সেরা কে? এই প্রশ্নে এক সময় ভক্তদের মধ্যে তর্ক উঠতো পেলে-ম্যারাডোনাকে নিয়ে। বর্তমানে সেই পেলে-ম্যারাডোনার পাশেই সর্বকালের সেরার তালিকায় লিওনেল মেসির নামটিও উচ্চারিত হয় অবধারিতভাবেই। অনেকের কাছে তো তাদের পাশে না, মেসি যেন সর্বসাকুল্যেই ফুটবল ইতিহাসের সেরা। বিশেষত ৩৬ বছরের অপেক্ষা ঘুচিয়ে আর্জেন্টিনাকে বিশ্বকাপ জেতানোর পর থেকে তো মেসির শ্রেষ্ঠত্ব নিয়ে সংশয় কেটে গেছে অনেকেরই।

এবার বিশ্বকাপ জয়ের স্বীকৃতি হিসেবে মেসিকে অনন্য এক সম্মানে ভূষিত করলো দক্ষিণ আমেরিকান ফুটবল ফেডারেশনের (কনমেবল)। প্যারাগুয়ের লুকে শহরে গত সোমবার (২৭ মার্চ) কনমেবলের সদর দপ্তরে উন্মোচিত করা হয়েছে বিশ্বকাপ ট্রফি হাতে মেসির ভাস্কর্য। কনমেবল সদর দপ্তরের জাদুঘরে ফুটবলের দুই কিংবদন্তি পেলে আর ম্যারাডোনার ভাস্কর্যের পাশেই থাকবে মেসির এই ভাস্কর্যও।

মেসির এই ভাস্কর্য উন্মোচনের সময় সেখানে উপস্থিত ছিলেন মেসি নিজেও। কোপা লিবার্তাদোরেসের ড্র অনুষ্ঠানের আগে এই আয়োজনে

মেসির অর্জনের স্বীকৃতি দেয় কনমেবল।

নিজের অর্জনের স্বীকৃতি পাওয়ার পর মেসি জানান, ‘আজকের এখানে আসতে অনেক লম্বা পথ পাড়ি দিতে হয়েছে আমাকে। সেই পথে অনেক মোড় এসেছে, পরাজয় এসেছে। তবে আমি সবসময় সামনে তাকিয়েছি এবং সাফল্য অর্জন করতে চেয়েছি, বিজয় চেয়েছি। আমার মনে হয়, সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে নিজের স্বপ্নকে তাড়া করা, সবকিছুকে সম্ভব করতে লড়াই চালইয়ে যাওয়া এবং খেলা উপভোগ করা, যা সবচেয়ে সুন্দর।’

সূত্র: ইত্তেফাক